# প্রবাসী কর্মী বীমার শুভ উদ্বোধন

বিদেশ গমণেচ্ছু বাংলাদেশি কর্মীদের অধিকতর সুরক্ষার জন্য বাধ্যতামূলক বীমা ব্যবস্থা চালু করার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনার পরিপ্রেক্ষিতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য অংশীজনের সাথে পরামর্শক্রমে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক প্রবাসী কর্মী বীমা নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

উক্ত নীতিমালা অনুযায়ী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ২৫/১১/২০১৯ খ্রিঃ তারিখে বিদেশগামী বাংলাদেশী কর্মীদের জন্য বাধ্যতামূলক বীমা ব্যবস্থা চালুর পরিপত্র জারি করা হয়।

**ওয়েজ আনার্স কল্যাণ বোর্ড এবং রাষ্ট্রায়ত্ব একমাত্র জীবন বীমা কর্পোরেশনের মধ্যে ১১/১২/২০১৯ খ্রিঃ তারিখে প্রবাসী কর্মী বীমা চুক্তি স্বাক্ষরিত হয়। ১৯/১২/২০১৯ খ্রিঃ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী একজন বিদেশগামী কর্মীকে প্রবাসী কর্মী বীমার সার্টিফিকেট প্রদানের মাধ্যমে প্রবাসী কর্মী বীমার শুভ উদ্বোধন করেন।**

**প্রবাসী কর্মী বীমা সংক্রান্ত তথ্যাবলীঃ**

১.০ **প্রবাসী কর্মী বীমাঃ**

বাংলাদেশের নাগরিক কাজের উদ্দেশ্যে বিদেশ গমণেচ্ছু কর্মীদের গ্রুপ বীমার আওতায় স্বল্প প্রিমিয়ামের বিনিময়ে মৃত্যু ঝুঁকি, স্থায়ী সম্পূর্ণ অক্ষমতা/ পঙ্গুত্ব ও স্থায়ী আংশিক অক্ষমতা/ পঙ্গুত্ব ঝুঁকির সুবিধা প্রদান।

২.০ **প্রবাসী কর্মী বীমা পরিকল্পসমূহঃ**

সকল বিদেশগামী কর্মীদের জন্য প্রবাসী কর্মী বীমা বাধ্যতামূলক। জীবন বীমা কর্পোরেশন কর্তৃক বিদেশগামী কর্মীদের জন্য দুটি পরিকল্প (পরিকল্প-১, পরিকল্প-২) প্রস্তুত করা হয়েছে। প্রত্যেক বিদেশগামী কর্মীকে পরিকল্প-১ এবং পরিকল্প-২ এর মধ্যে যেকোন একটি বাধ্যতামূলকভাবে গ্রহণ করতে হবে। পরিকল্পের প্রিমিয়ামের পরিমাণ যাই হোক না কেন প্রত্যেক বিদেশগামী কর্মীকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড তাদের তহবিল থেকে সর্বোচ্চ ৫০০ (পাঁচশ) টাকা প্রদান করা হবে। অবশিষ্ট প্রিমিয়াম কর্মী নিজে বহন করবে।

**পরিকল্প-১**

| | | |
|---|---|---|
| ১. | বীমা অংক: | টাঃ ২,০০,০০০.০০ (দুই লক্ষ টাকা) |
| ২. | বীমার মেয়াদ: | ০২ (দুই) বছর। |
| ৩. | বয়স সীমা: | ১৮ থেকে ৫৮ বছর। |
| ৪. | প্রদেয় প্রিমিয়াম: | টাঃ ৯৯০.০০ (নয়শত নব্বই টাকা) এককালীন। |

**পরিকল্প-২**

| | | |
|---|---|---|
| ১. | বীমা অংক: | টাঃ ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ টাকা) |
| ২. | বীমার মেয়াদ: | ০২ (দুই) বছর। |
| ৩. | বয়স সীমা: | ১৮ থেকে ৫৮ বছর। |
| ৪. | প্রদেয় প্রিমিয়াম: | টাঃ ২,৪৭৫.০০ (দুই হাজার চারশত পঁচাত্তর টাকা) এককালীন। |

৩.০ **প্রবাসী কর্মী বীমা সুবিধাঃ**

(ক) বীমাগ্রহীতার মৃত্যুতে পূর্ণ বীমার অংক পরিশোধযোগ্য।

(খ) দুর্ঘটনাজনিত কারণে বীমাগ্রাহকের মৃত্যুতে পূর্ণ বীমার অংক পরিশোধযোগ্য।

(গ) বীমাগ্রাহকের দুর্ঘটনাজনিত কারণে স্থায়ী ও সম্পূর্ণ অক্ষমতা বা পঙ্গুত্ব বরণ (Total Permanent Disability) করলে পূর্ণ বীমার অংক পরিশোধযোগ্য।

(ঘ) বীমাগ্রাহকের দুর্ঘটনাজনিত স্থায়ী ও আংশিক অক্ষমতা বা পঙ্গুত্ব বরণ (Partial Permanent Disability) করলে পূর্ণ বীমা অংকের একটি নির্দিষ্ট শতকরা হার হিসেবে পরিশোধযোগ্য।

## ৪.০ প্রিমিয়াম গ্রহণের পদ্ধতিঃ

(ক) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর ওয়েজ আনার্স কল্যাণ বোর্ড থেকে সংশ্লিষ্ট প্রবাসী কর্মীর প্রতিদিনের সরবরাহকৃত তালিকার ভিত্তিতে প্রিমিয়াম জমাদানের পর বীমাগ্রাহক বীমাচুক্তিতে আবদ্ধ হওয়ায় কর্পোরেশনের পক্ষ থেকে প্রতি বীমাগ্রাহককে একটি পলিসি কার্ড/ Certificate প্রদান করা হবে। উক্ত পাস ইস্যুর তারিখ, পলিসি কার্ডে বীমাগ্রাহকের জন্ম তারিখ, নাম, লিঙ্গ, বয়স, স্থায়ী ঠিকানা,বর্তমান ঠিকানা, মোবাইল নং,ই-মেইল নম্বর, পাসপোর্ট নম্বর, গমনকারী দেশের নাম, মাতার নাম, পিতার নাম, নমিনীর নাম, নমিনীর জাতীয় পরিচয়পত্র, মোবাইল নম্বর, বীমা অংক, প্রিমিয়ামের পরিমাণ, ঝুঁকির তারিখ ও মেয়াদপূর্তীর তারিখ, জরুরী যোগাযোগের জন্য ব্যক্তির নাম ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ থাকবে।

(খ) বীমার মেয়াদ ২ (দুই) বছর উত্তীর্ণ হওয়ার পূর্বে বিদেশে অবস্থানরত প্রবাসী কর্মী স্ব-উদ্যোগে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (WEWB) এর মাধ্যমে পরবর্তী ২ বছর অন্তর অন্তর বীমাপত্রটি নবায়ন করতে পারবে। বীমার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বে নবায়ন করা হলে বীমাগ্রাহককে প্রিমিয়ামের উপর ২% ছাড় (Discount) প্রদান করা হবে। বীমার মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৩০ (ত্রিশ) দিন পর বীমাপত্রটি নবায়ন করা হলে বীমাগ্রাহককে অবিরাম ভাল স্বাস্থ্যের (DGH) ঘোষণা প্রদান করতে হবে।

(গ) বীমাগ্রাহকের সাথে যোগাযোগ রক্ষার জন্য জীবন বীমা কর্পোরেশন কর্তৃক বীমাগ্রাহকসহ বীমাগ্রাহকের নমিনী ও স্বামী/স্ত্রী/ বাবা/মা/ভাই/বোন/আত্মীয়-স্বজন/বন্ধু-বান্ধব মোবাইল ফোন নম্বর, e-mail সংরক্ষণ করা হবে।

## ৫.০ দাবী নিষ্পত্তিঃ

দাবী পরিশোধ প্রক্রিয়াঃ এ চুক্তিপত্র কার্যকর থাকাকালীন বিদেশগামী বাংলাদেশি কর্মী (বীমা গ্রাহক) বর্হিগমন ছাড়পত্র প্রদানের তারিখ হতে ২ (দুই) বছরের মধ্যে বিদেশে/ বাংলাদেশে মৃত্যু বরণ/ সম্পূর্ণ স্থায়ী অক্ষমতা (পঙ্গুত্ব)/Total Permanent Disability (TPD)/ আংশিক স্থায়ী অক্ষমতা (পঙ্গুত্ব)/Partial Permanent Disability (PPD) বরণ করেন, সেক্ষেত্রে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড WEWB বীমা দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষা পূর্বক সুপারিশ জীবন বীমা কর্পোরেশন (JBC) কে প্রেরণ করবে। উক্ত সুপারিশের প্রেক্ষিতে চুক্তি অনুসরণ পূর্বক জীবন বীমা কর্পোরেশন (JBC) দাবীর আর্থিক সুবিধা বাংলাদেশি টাকায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (WEWB ) কে অনতিবিলম্বে পরিশোধ করবে।

## ৬.০ প্রবাসী কর্মী বীমার প্রয়োজনীয়তাঃ

- প্রবাসী কর্মীভূক্ত সদস্যগণের অকাল মৃত্যু/ সম্পূর্ণ স্থায়ী পঙ্গুত্ব /আংশিক স্থায়ী পঙ্গুত্বের আর্থিক নিরাপত্তা প্রদান।
- আর্থিক নিরাপত্তা নিশ্চিত হওয়ায় উন্নত নৈতিক মনোবল, আনুগত্য, কর্ম-উৎকর্ষতা ও কর্মক্ষমতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে।
- আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশী প্রবাসী কর্মীদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা ।

## ৭.০ কর্পোরেশনের অন্যান্য স্কিমসমূহঃ

গোষ্ঠী বীমা, পেনশন বীমা, সাময়িক বীমা, মেয়াদী বীমা, আজীবন বীমা, স্বাস্থ্য বীমা ও ক্ষুদ্র বীমা ইত্যাদি।

## ৮.০ কর্পোরেশনের জনপ্রিয় ও আকর্ষনীয় স্কিমসমূহঃ

(ক) পেনশন স্কিম (১০ বছরের গ্যারান্টিসহ আজীবন পেনশন পাওয়ার নিশ্চয়তা)।

(খ) প্রত্যাশিত মেয়াদী বীমা ( মেয়াদপূর্তীর পূর্বেই টাকা প্রাপ্তির নিশ্চয়তা)

(গ) বহু কিস্তি বীমা (প্রথম ৪ বছর অতিক্রান্ত হওয়ার পর দুই বছর পর পর টাকা পাওয়া যায়)।

(ঘ) প্রমিলা ডিপিএস স্কিম (মাসিক কিস্তিতে প্রিমিয়াম প্রদান করতে পারবে)।

(ঙ) ম্যারেজ এন্ডাওমেন্ট বীমা (মেয়াদপূর্তীর আগে অকাল মৃত্যুতে সকল প্রিমিয়াম মওকুফ)।